

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১০.৪৯.০৫৫.১৯. ২৮৬ (২০১)

তারিখ ২৭ ভাদ্র ১৪২৬ ব.
১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি


স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ০৭ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.২৩৪ নম্বর পত্র এবং ০৮ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.২৩৫ নম্বর পত্রে ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বগুড়া জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে নিম্নোক্ত শূন্যপদ পূরণের লক্ষ্যে বগুড়া জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫)	৬৯ (উনসত্তর)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনূন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ।	বেতন ভারতীয় ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়।

শর্তাবলী

- ০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বগুড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। সরকারি বিধি অনুযায়ী হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- ০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আগ্রহী প্রার্থীকে জেলা প্রশাসক, বগুড়া বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.mopa.gov.bd অথবা www.bogra.gov.bd ওয়েব সাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা ও ই-সেবা কেন্দ্র বগুড়ায় পাওয়া যাবে।
- ০৪। জেলা প্রশাসক, বগুড়া বরাবর লিখিত/কম্পিউটারে টাইপকৃত আবেদন ১০ অক্টোবর ২০১৯ খ্রি.তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বগুড়ায় পৌঁছাতে হবে। সরাসরি/হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৫। প্রার্থীর বয়স ১০ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
 - (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।
 - (খ) পৌর মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (মূল)।
 - (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূল)।
 - (ঘ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধন সনদ (সত্যায়িত)।
 - (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) মূল/সাময়িক সনদ (সত্যায়িত)।
 - (চ) আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে “জেলা প্রশাসক, বগুড়া” শিরোনামে হিসাব নম্বর ০৬০৬৪৩০০৬০১২, সোনালী ব্যাংক লি., কর্পোরেট শাখা, বগুড়াতে অনলাইন/অফলাইনে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে জমার মূল স্লিপ সংযুক্ত করতে হবে।
 - (ছ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের গতি উল্লেখসহ প্রশিক্ষণের সনদ (সত্যায়িত)।
 - (জ) পূরণকৃত দুই কপি প্রবেশপত্র। প্রবেশপত্রের নমুনা www.bogra.gov.bd ওয়েব সাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা ও ই-সেবা কেন্দ্র বগুড়ায় পাওয়া যাবে।
 - (ঝ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ঠিকানা সম্বলিত ১০.৫×৪.৫ ইঞ্চি সাইজের (১০/- (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম।
 - (ঞ) ছবিসহ সকল অনুলিপি/সত্যায়িত কাগজপত্রে স্পষ্ট নামসম্বলিত সীলসহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/মহিলা/আনসার ও ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/আদিবাসী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত প্রচলিত সরকারি নিতীমালা/বিধিবিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- ০৮। আনসার ও ভিডিপি কোটার ক্ষেত্রে ৪ (চার) সপ্তাহের প্রশিক্ষণ সনদ, এতিম প্রমাণে এতিমখানার তত্ত্বাবধায়কের স্বাক্ষরিত সনদ, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তরের স্বাক্ষরিত সনদ, আদিবাসীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। খামের উপর বাম পাশে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। ০৯। চাকুরিরত প্রার্থীদের অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ০৯। সকল প্রকার মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদ পত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

- ১১। এ পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবীশকাল সন্তোষজনক হলে চাকুরি স্থায়ী করা হবে।
- ১২। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ ও স্থানে লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার অনুষ্ঠিত হবে।
- ১৩। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষায় কোনরূপ বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য হবেন।
- ১৪। কোন তথ্য গোপন করে কিংবা ভুল/মিথ্যা তথ্য প্রদান করে এবং পুলিশ ভেরিফিকেশনে কোনরূপ বিরূপ তথ্য পাওয়া গেলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ১৫। রীট পিটিশন নম্বর ১১৪৭৬/২০১৭ হতে উদ্ধৃত লীড টু আপীল মামলা নম্বর- ৪৫২/২০১৮-এর গত ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশ প্রতিপালন করা হবে।
- ১৬। প্রার্থীদের নির্বাচনী (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৭। আবেদনপত্র বাছাই, গ্রহণ, বাতিলসহ নিয়োগের ক্ষেত্রে সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে আপত্তি গ্রহণযোগ্য নয়।
- ১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, বাতিল, সময় পরিবর্তন, পদের সংখ্যা কম/বেশী করাসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(ফয়েজ আহাম্মাদ)
জেলা প্রশাসক
বগুড়া

টেলিফোন ০৫১-৬৯১১০ (অফিস)

ই-মেইল dcbogra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(স্থানীয় সরকার শাখা)
(www.bogra.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১০.৪৯.০৫৫.১৯. ৯৮৬ (১০০)


তারিখ ২৭ ভাদ্র ১৪২৬ ব.
১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। জেলা প্রশাসক,.....(সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পুলিশ সুপার, বগুড়া
- ০২। সিভিল সার্জন, বগুড়া
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
- ০৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বগুড়া
- ০৬। চেয়ারম্যান,.....(সকল) উপজেলা পরিষদ, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। মেয়র,.....(সকল) পৌরসভা, বগুড়া
- ০৯। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া। বিজ্ঞপ্তি জেলার ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১১। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বগুড়া জেলা ইউনিট
- ১২। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, বগুড়া
- ১৩। চেয়ারম্যান,.....(সকল) ইউনিয়ন পরিষদ,....., বগুড়া। বিজ্ঞপ্তি ইউনিয়ন ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,.....। তাকে বিজ্ঞপ্তি আগামীতারিখের মধ্যে ০১ (এক) দিন ৩ কলাম ১০ ইঞ্চি আকারে ৬ষ্ঠ/৭ম পাতায় প্রকাশ করে ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।


(সুফিয়া নাজিম)
উপপরিচালক

স্থানীয় সরকার, বগুড়া

টেলিফোন ০১৭৩৩-৩৩৫৪০২

ই-মেইল dcbogra.ddlg@gmail.com